গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২০ – ৩০ জুন ২০২১

সূচিপত্র

বিষয়			পৃষ্ঠা
উপক্রমণিকা			৩
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র			৪
সেকশন ১	:	রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২	:	বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩	:	কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭-৮
সংযোজনী ১	:	শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২	:	কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী ৩	:	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা	১২

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৮-০৭-২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Bangladesh Film Censor Board)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ

অশ্লীল চলচ্চিত্র নির্মাণ ও প্রদর্শন বন্ধে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের পরিদর্শন এবং এ উদ্দেশ্যে গঠিত জেলা টাস্কফোর্সের কার্যক্রম জোরদার করায় চলচ্চিত্রে অশ্লীলতা হ্রাস পেয়েছে। জনসাধারণের মধ্যে প্রদর্শনের উদ্দেশ্যে জুলাই ২০১৭ থেকে জুন ২০২০ পর্যন্ত মোট ১৬২টি পূর্ণদৈর্ঘ্য বাংলা ও ১৬৭টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র, ২২টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, ১৩২টি বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের ট্রেইলার, ১০টি বিজ্ঞাপনচিত্র এবং ১৩টি প্রামাণ্যচিত্র সেন্সরপূর্বক সনদপত্র প্রদান করা হয়েছে। ৭১০টি সিনেমা হল পরিদর্শন করা হয়েছে। সিনেমা হলে প্রদর্শিত চলচ্চিত্রের সাথে সেন্সরবিহীন ও অশ্লীল দৃশ্য জুড়ে দিয়ে প্রদর্শন করায় প্রদর্শিত চলচ্চিত্রগুলো জব্দ করার জন্য সংশ্লিষ্ট থানায় ২৭টি জব্দপত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে ই-ফাইলিং ব্যবস্থা প্রবর্তিত হয়েছে। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সকল শাখায় ই-নথির ব্যবহার চালু করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে ৫৬.২৪% নথি ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে এবং ২৪.৪৮% পত্র ই-ফাইলে জারি করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

উন্নত প্রযুক্তি সম্বলিত ডিজিটাল চলচ্চিত্র পরীক্ষণের জন্য উপযুক্ত ডিজিটাল সিনেমা প্রজেক্টর নেই। ফলে হার্ডড্রাইভে আমদানিকৃত ডিজিটাল চলচ্চিত্র সেন্সরের উদ্দেশ্যে পরীক্ষার জন্য সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের প্রজেকশন হল ব্যবহার করতে হয়। চলচ্চিত্রের প্রযোজক/স্বত্বাধিকারীগণ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের অনেক সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করে থাকেন। আইন কর্মকর্তার পদ না থাকায় এসব মামলার জবাব তৈরিসহ মামলা পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা

''বাংলাদেশ চলচ্চিত্র প্রত্যয়ন আইন, ২০২০'' প্রণয়ন, অত্যাধুনিক ডিজিটাল সিনেমা প্যাকেজ (ডিসিপি) ক্রয়।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- প্রাপ্ত বাংলা চলচ্চিত্রের ৯৫% সেন্সর আবেদন নিষ্পত্তি করা;
- প্রাপ্ত ইংরেজি চলচ্চিত্রের ৯৫% সেন্সর আবেদন নিষ্পত্তি করা;
- প্রাপ্ত বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের ট্রেইলারের ৯৫% সেন্সর আবেদন নিষ্পত্তি করা;
- প্রাপ্ত চলচ্চিত্র উৎসবের ও বিদেশি দূতাবাসের চলচ্চিত্রের ৯৫% সেন্সর আবেদন নিষ্পত্তি করা;
- প্রাপ্ত চলচ্চিত্রের প্রচার সামগ্রীর ৯৫% আবেদন নিষ্পত্তি করা;
- প্রাপ্ত বিজ্ঞাপনচিত্রের সেন্সর আবেদনের ৯৫% নিষ্পত্তি করা;
- ২০০টি প্রেক্ষাগৃহ পরিদর্শন;
- জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডকে জমাকৃত চলচ্চিত্রসমূহের পরীক্ষণের ব্যবস্থাসহ সার্বিক সাচিবিক সহায়তা প্রদান;
- চলচ্চিত্র সংসদ/ক্লাবসমূহের নিবন্ধনের ৮০% আবেদন নিষ্পত্তি করা।

সেকশন ১ :
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

১.১ **রূপকল্প (Vision):**

সুস্থ বিনোদন উপযোগী, সাংস্কৃতিক ঐতিহ্যসমৃদ্ধ এবং দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনানির্ভর চলচ্চিত্র

১.২ **অভিলক্ষ্য (Mission):**

চলচ্চিত্র নিমার্তাগণকে যুগপৎ উৎসাহ প্রদান এবং প্রয়োজনীয় সেন্সরশিপ আরোপের মাধ্যমে জনগণকে দেশীয় সামাজিক-সাংস্কৃতিক, ঐতিহ্য-মূল্যবোধ, গণতন্ত্র, দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ চলচ্চিত্র উপহার দেওয়া।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

১. সুস্থ বিনোদন উপযোগী, দেশীয় সামাজিক-সাংস্কৃতিক ঐতিহ্য-মূল্যবোধের ধারক ও গণতন্ত্র-দেশপ্রেম-মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান এবং এরূপ সংস্কৃতি, ঐতিহ্য, মূল্যবোধ ও চেতনার পরিপন্থি চলচ্চিত্রের জন্য সেন্সর সনদপত্রের আবেদন অগ্রাহ্য করা;
২. সেন্সরবিহীন চলচ্চিত্রের প্রদর্শন বন্ধ করা, সেন্সর সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রে টেম্পারিং বা অননুমোদিত দৃশ্য সংযোজন করে প্রদর্শন বন্ধ করা তথা সেন্সরশিপ আইন, বিধি ও আদেশসমূহের বাস্তবায়ন;
৩. চলচ্চিত্রের বিকাশে সহায়ক কার্যক্রমে যুক্ত থাকা।

১.৪ **কার্যাবলি (Functions):**

১. দেশীয় বাণিজ্যিক ও অবাণিজ্যিক চলচ্চিত্রের সেন্সর করা এবং সেন্সর সনদপত্র প্রদান;
২. আমদানিকৃত চলচ্চিত্রের সেন্সর করা এবং সেন্সর সনদপত্র প্রদান;
৩. অবাণিজ্যিক চলচ্চিত্র উৎসবের জন্য বিদেশি দূতাবাস হতে প্রাপ্ত চলচ্চিত্র সেন্সর করা এবং বিশেষ সেন্সর সনদপত্র প্রদান;
৪. আন্তর্জাতিক ও দেশীয় চলচ্চিত্র উৎসবের জন্য চলচ্চিত্রের সেন্সর করা এবং বিশেষ সেন্সর সনদপত্র প্রদান;
৫. সেন্সর সনদপত্র প্রদত্ত চলচ্চিত্রের ট্রেইলার ও বিজ্ঞাপন সেন্সর করা;
৬. চলচ্চিত্রের প্রচার উপকরণসমূহ যেমন-পোস্টার, ব্যানার ও স্থির আলোকচিত্রের অনুমোদন প্রদান;
৭. সারা দেশের সিনেমা হলসমূহ পরিদর্শন করা এবং চলচ্চিত্র সেন্সর অ্যাক্ট, বিধি ও এ সংক্রান্ত সরকারি আদেশসমূহ বাস্তবায়ন নিশ্চিত করা;
৮. জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহযোগিতা প্রদান;
৯. ফিল্ম ক্লাবসমূহের রেজিস্ট্রেশন প্রদান ও তাদের আয়োজনে চলচ্চিত্র উৎসবের চলচ্চিত্র সেন্সর করা, ফিল্ম ক্লাবসমূহের কার্যক্রম তদারকি করা;
১০. আমদানিকৃত চলচ্চিত্রের জন্য অনাপত্তিপত্র (NOC) প্রদান ;
১১. চলচ্চিত্রের পাইরেসি বন্ধে সহায়তা প্রদান ;
১২. জাতীয় চলচ্চিত্র নীতিমালা প্রণয়নে সহায়তা প্রদান।

সেকশন ২

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সুচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৮-১৯	২০১৯-২০*		২০২১-২২	২০২২-২০২৩		
১	২	৩	৫		৬	৭	৮	৯	১০
চলচ্চিত্রে অশ্লীলতা কমেছে, উন্নত সাংস্কৃতিক সমাজ বিনির্মাণে সহায়ক হয়েছে এবং চলচ্চিত্র সেন্সর সংক্রান্ত সেবা প্রাপ্তি সহজ হয়েছে।	মামলার সংখ্যা হ্রাস	সংখ্যা	৬১	৬১	৬০	৫৯	৫৮	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, পুলিশ বিভাগ, জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস	বার্ষিক প্রতিবেদন
	অশ্লীলতার অভিযোগ হ্রাস	সংখ্যা	৩০	০৬	১৫	১৪	১২	পুলিশ বিভাগ, জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস	ঐ
	সেন্সরের জন্য প্রয়োজনীয় ফর্মসমূহ ও তথ্য ওয়েবসাইটে প্রদান	সংখ্যা	১২	১২	১৪	১৫	১৫	-	ওয়েবসাইট
	সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রের তথ্য ওয়েবসাইটে প্রদান	%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	-	ওয়েবসাইট